

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ২৯৩

৪/ আন্তরিক কর্মাবলী

পরিচ্ছেদঃ দুনিয়াদারি ত্যাগ করার মাহাত্ম্য, দুনিয়া কামানো কম করার প্রতি উৎসাহ প্রদান এবং দারিদ্রের ফ্যীলত

আরবী

عَن الضَّحَّاكِ بْنِ سُفْيَانَ الْكِلَابِيِّ أَنَّ رَسُولَ اللهِ ﷺ قَالَ لَهُ يَا ضَحَّاكُ مَا طَعَامُكَ؟ قَالَ يَا رَسُولَ اللهِ اللَّحْمُ وَاللَّبَنُ قَالَ ثُمَّ يَصِيرُ إِلَى مَاذَا؟ قَالَ إِلَى مَا قَدْ عَلِمْتَ قَالَ فَإِنَّ اللهَ تَبَارَكَ وَتَعَالَى ضَرَبَ مَا يَخْرُجُ مِنْ ابْنِ آدَمَ مَثَلًا لِلدُّنْيَا

বাংলা

(২৯৩) যাহহাক ইবনে সুফিয়ান আল-কিলাবী (রাঃ) থেকে বর্ণিত যে, তাঁকে রাসূলুল্লাহ সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম বললেন, হে যাহহাক! তোমার খাদ্য কী? তিনি বললেন, 'মাংস এবং দুধ।' রাসূল সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম বললেন, (খাওয়ার পর) এর অবস্থা কী হয়? তিনি বললেন, '(খাওয়ার পর) এর অবস্থা যা হয়, তা তো আপনি ভালোভাবেই জানেন।' তখন তিনি (সাল্লাল্লান্থ আলাইহি ওয়াসাল্লাম) বললেন, বরকতময় মহান আল্লাহ সেই জিনিসকে দুনিয়ার দৃষ্টান্ত হিসাবে বর্ণনা করেছেন যা আদম সন্তানদের (পেট) থেকে নির্গত হয়।

ফুটনোট

(আহমাদ ১৫৭৪৭, সিলসিলা সহীহাহ ৩৮২)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ যাহহাক ইবনে সুফিয়ান আল-কিলাবী (রাঃ)

🔗 Link — https://www.hadithbd.com/hadith/link/?id=63654

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন